

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৬, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ২৬শে এপ্রিল ১৯৯১/১৩ই বৈশাখ ১৪০৬

এস, আর, ও, নং ৮৯-আইন/৯১ ইং বিবিধ-৭/৯১ (রাজ-৪)—যেহেতু সরকার জাতীয় সংসদ এর শূন্য আসন ৭০ মেহেরপুর-১ নির্বাচনী এলাকায় আগামী ৪ঠা মে, ১৯৯১ ইং তারিখে অনুষ্ঠিতব্য উপ-নির্বাচনের সময় উক্ত নির্বাচনী এলাকার ভোট কেন্দ্রসমূহে শান্তি-শৃংখলা বজায় রাখার লক্ষ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে;

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17A এর sub-section (1) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে আগামী ২-০৫-৯১ তারিখ দিবাগত মধ্য রাত হইতে ৬-০৫-৯১ ইং তারিখ রাত ১০-০০ টা পর্যন্ত সময়ের মধ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল। যাহারা এই আদেশ লঙ্ঘন করিবেন তাহাদের বিরুদ্ধে উক্ত section 17A এর sub-section (2) তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) নির্বাচনের আইন-শৃংখলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃংখলা বাহিনীর সকল সদস্য;

(১৯৩১)

মূল্য : টাকা ১-০০

(খ) বিভিন্ন সরকারী, আধাসরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী।

ব্যাখ্যা—এই আদেশে “শুংখলা বাহিনী” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদে সংজ্ঞায়িত শুংখলা বাহিনী।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আশিকুল হক চৌধুরী

উপ-সচিব (রাজনৈতিক)।

মোঃ আবেদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়,  
ঢাকা কর্তৃক মূদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।